গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং- ৮০২ | তারিখ ঃ ১৮ আশ্বিন ১৪২৮ / ০৩ অক্টোবর ২০২১

## নোটিশ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৫ অক্টোবর ২০২১ খ্রি. তারিখ বেলা ১০.০০ ঘটিকায় নিম্ন স্বাক্ষরকারীর অফিস কক্ষে **কৃষি ও সেচ কমিটির সভা অনুষ্ঠিত হবে**। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ আব্দুল লতিফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম মহোদয়।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি ঃ

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সার্বিক বিষয় নিয়ে আলোচনা ।
৩। বানিজ্যিক ভিত্তিতে উচ্চ মূল্য ফসল চাষে কৃষকদের প্রশিক্ষণ বিষয়ক আলোচনা।
৪। বিবিধ।

০৩/১০/২১

(মোছাঃ নিলুফা ইয়াছমিন)
উপজেলা কৃষি অফিসার
ও সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

০৩/১০/২২

.....................................................................
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪। ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

## পরিশিষ্ট- "ক"

কৃষি ও সেচ কমিটির সভার হাজিরা স্বাক্ষরঃ

স্থানঃ উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, কুড়িগ্রাম। সভার তারিখ: ০৫/১০/2022

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ আব্দুল লতিফ | ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সভাপতি | |
| ২ | মোঃ লুৎফর রহমান | চেয়ারম্যান<br>ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৩ | মোঃগোলজার হোসেন মন্ডল | চেয়ারম্যান কাশিপুর ইউনিয়ন পরিষদ ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৪ | মোঃ রায়হান উদ্দিন সরদার | উপজেলা মৎস্য কর্মকর্তা<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৫ | মোছাঃ নিলুফা ইয়াছমিন | উপজেলা কৃষি অফিসার<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য-সচিব | |

# উপজেলা পরিষদ

ফুলবাড়ী, কুড়িগ্রাম।

বিষয় ঃ উপজেলা কৃষি ও সেচ কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ আব্দুল লতিফ
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম

তারিখ ঃ ০৫ অক্টোবর ২০২১ খ্রি.
স্থান ঃ উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
সময় ঃ বেলা ১০.০০ ঘটিকা ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট- "ক" তে দেখানো হলো।

অদ্যকার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় যা সর্বসম্মতিক্রমে গৃহীত হওয়ায় উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব কৃষি ও সেচ কমিটিকে সভা পরিচালনার জন্য আহবান জানানো হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচ্য বিষয়-২ ঃ উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সার্বিক বিষয় নিয়ে আলোচনা | | |
|---|---|---|
| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে।<br>১) রোপা আমন ধান কর্তন শুরু হয়েছে। এখন পর্যন্ত প্রায় ১০৫০ হে: জমির ধান কর্তন সম্পন্ন হয়েছে। রোপা আমন ধানের গড় ফলন ৪.৮ মে: টন/হেক্টর। আশা করা যায় যে, আবহাওয়া অনুকূলে থাকায় এবং রোগ বালাইয়ের প্রার্দুভাব কম থাকায় আমন ধানের ফলন ভাল হবে।<br>২) ২০২১-২২ অর্থবছরে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় রবি মৌসুমে ৯টি ফসলের উপর ৩২৯০ জন কৃষককে বিনা মূল্যে বীজ ও সার সরবরাহ করা হবে। ইতোমধ্যে ইউনিযন ভিত্তিক বিভাজন দেয়া হয়েছে। এই মাসের মধ্যে উপকরণ দেয়া হবে।<br>৩) তিনি জানান সমন্বিত খামার যান্ত্রিকরণ প্রকল্পের আওতায় ১৫০ বিঘা জমিতে বোরো ধান চাষের জন্য কৃষকদের মাঝে ২০০০ ট্রে ও একটি বীজ ছিটানোর যন্ত্র বিনা মূল্যে বিতরণ করা হবে। যাতে কৃষকরা যান্ত্রিক কৃষির সুফল লাভ করেন।<br>৪) আগাম শীতকালীন সবজির ফলন আশানুরূপ হয়েছে। সবজি চাষীদের সবধরণের পরামর্শ দিয়ে সহযোগিতা করা হচ্ছে।<br>৫) সার ও বালাই নাশকসহ কৃষি উপকরণ পরিস্থিতি ভাল, কোন সমস্য নেই। | কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রমসমূহ সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণের মাঠ পর্যায়ের কার্যক্রম জোরদার করতে হবে। কৃষি যান্ত্রিকরণের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(পাতা চলমান)

পরিশেষে, বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(মোঃ আব্দুল লতিফ)
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও সভাপতি
কৃষি ও সেচ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং- ৮২০

তারিখ ঃ ২১ আশ্বিন ১৪২৮ / ০৬ অক্টোবর ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪। ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

০৬/১০/২২

(মোছা: নিলুফা ইয়াছমিন)
উপজেলা কৃষি অফিসার
ও সদস্য সচিব
কৃষি ও সেচ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

০৬/১০/২২